দৈনিক বাংলা

তারিখ ...2-1 FEB 1987... ...
পৃষ্ঠা: ৮ কলাম: ৫......

## একুশে পদক '৯৬ বিতরণ অনুষ্ঠানে ভাষণ

# নিরক্ষরতা দূর করে বঙ্গবন্ধুর স্বপ্ন সার্থক করতে চাই ঃ প্রধানমন্ত্রী

**স্টাফ রিপোর্টার ঃ** প্রধানমন্ত্রী শেখ হাসিনা মহান একুশের চেতনার আলোকে উদ্ভাসিত হয়ে সম্পদে ও সংস্কৃতিতে সমৃদ্ধ এক সোনার বাংলাদেশ গড়ে তোলার কাজে এগিয়ে আসার জন্য দেশবাসীর প্রতি আহবান জানিয়েছেন। তিনি বৃহস্পতিবার ওসমানী স্মৃতি মিলনায়তনে ১৯৯৬ সালের একুশে পদক প্রদান অনুষ্ঠানে বক্তৃতা করছিলেন।

প্রধানমন্ত্রী বলেন, আমাদের মহান নেতা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁর সারা জীবনের কর্মে ও সাধনায়, ত্যাগে ও তিতিক্ষায় এমন একটি দেশেরই স্বপ্ন দেখেছিলেন। তিনি বলেন, জাতির জনকের সেই স্বপ্ন পূরণের জন্য আমরা দেশ থেকে নিরক্ষরতা দূর করতে চাই। দেশের মানুষকে করে তুলতে চাই প্রত্যয়ী ও স্বাবলম্বী। গোঁড়ামি, পশ্চাদপদতা, আত্মবিস্মৃতি ও কূপমন্ডুকতা থেকে বেরিয়ে এসে আমাদের হতে হবে সচেতন ও কর্মপ্রেমী মানুষ। তিনি বলেন, আন্তরিকতা ও সততার সঙ্গে নিরলস প্রচেষ্টার মাধ্যমেই আমরা সময়ের এই দাবী পূরণ করতে পারি। একুশের চেতনা আমাদের সবাইকে এই সাফল্যের পথে উজ্জীবিত করবে।

একুশে পদকপ্রাপ্তদের অভিনন্দন জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, একুশে পদক সমাজ জীবনের বিভিন্ন ক্ষেত্রে গৌরবময় অবদানের একটি রাষ্ট্রীয় স্বীকৃতি। এ পদক তারাই পেয়ে থাকেন যারা শিক্ষা, সংস্কৃতি, সাহিত্য ও শিল্পচর্চার মাধ্যমে জাতীয় জীবনের বিশিষ্টতায় চিহ্নিত হন এবং আমাদের সুন্দর ও কল্যাণের পথে এগিয়ে যেতে উদ্বুদ্ধ করেন। তিনি বলেন, পুরস্কারপ্রাপ্তদের এই অসামান্য অর্জন সবার জন্য অনুপ্রেরণার উৎস হয়ে থাকবে।

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ৯৬–এর পদকপ্রাপ্তদের একুশের পদক প্রদান করেন। শিক্ষা-ক্ষেত্রে পদকপ্রাপ্ত অধ্যাপক মুহম্মদ আবদুল হাই (মরণোত্তর) এর পক্ষে তার স্ত্রী বেগম আনিছা হাই এবং সঙ্গীতে মরণোত্তর পদকপ্রাপ্ত ফিরোজ সাঁই–এর পক্ষে তার স্ত্রী বেগম আরিফা ফিরোজ প্রধানমন্ত্রীর কাছ থেকে একুশে পদক গ্রহণ করেন। এছাড়া সাহিত্যে পদকপ্রাপ্ত হাসনাত আবদুল হাই ও রাহাত খান, শিক্ষায় অধ্যাপক সিরাজুল ইসলাম

(৮–এর পৃঃ ১–এর কঃ দ্রঃ)

## বঙ্গবন্ধুর স্বপ্ন সার্থক করতে চাই ঃ প্রধানমন্ত্রী

(প্রথম পৃষ্ঠার পর)

চৌধুরী এবং সাংবাদিকতায় পদকপ্রাপ্ত মোহাম্মদ কামরুজ্জামানকে প্রধানমন্ত্রী একুশে পদক পরিয়ে দেন। পদকপ্রাপ্তদের প্রত্যেককে নগদ বিশ হাজার টাকা, একটি স্বর্ণপদক ও একটি সম্মাননাপত্র দেয়া হয়।

অনুষ্ঠানে মন্ত্রিপরিষদ সচিব আতাউল হক পদকপ্রাপ্তদের নাম ঘোষণা ও তাদের পরিচিতি পাঠ করেন। এ সময় যুব, ক্রীড়া ও সংস্কৃতি প্রতিমন্ত্রী ওবায়দুল কাদের উপস্থিত ছিলেন।